

Subject Bengali
2nd language
Answer script
Class-7
বিশেষ্য ও বিশেষণ পদ।

১) নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

ক) পদ কয় প্রকার ও কি কি?

উঃ) পদ পাঁচ প্রকার-

১) বিশেষ্য।

২) বিশেষণ।

৩) সর্বনাম।

৪) অব্যয়।

৫) ক্রীয়া।

খ) বিশেষ্য পদ কাকে বলে?

উঃ) যে পদের দ্বারা কোন ব্যক্তি, বস্তু, সমষ্টি, গুণ বা অবস্থার নাম বোঝায় তাকে বিশেষ্য পদ বলে।

গ) বিশেষ্য পদের একটি উদাহরণ দাও ।

উঃ)১)রবীন্দ্রনাথ পদ্মা তীরে শিলাইদহে বসে অনেক কবিতা লিখতেন। এই বাক্যটিতে রবীন্দ্রনাথ, পদ্মা একটি নদীর নাম, শিলাইদহ একটি স্থানের নাম বোঝানো হয়েছে। (এই উত্তরটিতে তোমাদের ইচ্ছামত উদাহরণ দিতে পারো।)

ঘ)বিশেষ্য পদ কয় প্রকার ও কি কি ?

উঃ)বিশেষ্য পদ সাত প্রকার:

ক)ব্যক্তিব্যচক।

খ)বস্তুব্যচক।

গ)স্থানব্যচক।

ঘ)জাতিব্যচক।

ঙ)সমষ্টিব্যচক।

চ)গুণ/অবস্থাব্যচক।

ছ)ক্রিয়াব্যচক।

ঙ) বিশেষণ পদ কাকে বলে?

উঃ) যে পদের দ্বারা অন্য কোনপদের দোষ গুণ অবস্থা সংখ্যা পরিমান ইত্যাদি বোঝানো হয় সেই পদকে বিশেষণ পদ বলে অর্থাৎ যে পদ দিয়ে অন্য যে কোনো পদ বিশেষ্য সর্বনাম ক্রিয়াপদের দোষ গুণ অবস্থা সংখ্যা পরিমান ইত্যাদি বোঝানো হয়, সেইপদকেই বিশেষণ পদ বলে।

চ)যে কোনো একটি উদাহরণ দাও।

উঃ)একটি লাল গোলাপ ফুল। এখানে গোলাপ ফুলের রং কি বোঝানো হয়েছে। ফুলটির রং লাল।

(এই উত্তরটিতে তোমাদের ইচ্ছামত উদাহরণ দিতে পারো।)

ছ)বিশেষণ পদ কয় প্রকার ও কি কি? প্রত্যেকটি ভাগের একটি করে উদাহরণ দাও।

উঃ)১)বিশেষ্যের- বিশেষণ।

উদাহরণ:পরিশ্রমী মানুষ সবসময় সাফল্য লাভ করে।
মানুষ একটি বিশেষ্য পদ। এই পদের বিশেষণ হল পরিশ্রম।
এইজন্য একে বলা হবে বিশেষ্যের বিশেষণ।

২)বিশেষণের বিশেষণ।

উদাহরণ:

খুব দরিদ্র মানুষ শীতে কষ্ট পায়।
ওপরের বাক্যে মানুষ পদকে বিশেষিত করেছে দরিদ্র পদ।এখানে দরিদ্র পদটি বিশেষণ। এবার যদি প্রশ্ন করা যায় মানুষটি কিরূপ দরিদ্র উত্তর হবে খুব। অর্থাৎ খুব বিশেষণ দরিদ্রকে বিশেষত করেছে বলে খুব কে বলা হবে বিশেষণের বিশেষণ।

এছাড়াও যেমন বহু, অত্যন্ত প্রভৃতি বিশেষণের বিশেষণ।

২)নীচের বাক্য গুলোর মধ্যে দাগ দেওয়া শব্দটির কোনটি কি ধরনের বিশেষ্য ও বিশেষণ সেই সঠিক উত্তরটি লেখ।

ক)উঃ) সলিল খুব ভালো ছেলে (ব্যক্তিব্যাক্য/জাতি-ব্যাক্য বিশেষ্য)।

খ)বিমল সকালে

দৌড়াচ্ছে(ক্রিয়াব্যাক্য/অবস্থাব্যাক্য)বিশেষ্য।গ) আমরা দিল্লি যাব(বস্তুব্যাক্য/স্থান ব্যাক্য) বিশেষ্য।

ঘ) সততা সবচেয়ে বড় গুণ(ক্রিয়াব্যাক্য/গুণ বা অবস্থাব্যাক্য) বিশেষ্য।

ঙ) জঙ্গলে বহু উঁচু উঁচু গাছ আছে (বিশেষ্যের বিশেষণ/বিশেষণের বিশেষণ) ।

চ) তিনি ধনী ব্যক্তি হলেও সং (বিশেষণের বিশেষণ/বিশেষ্যের বিশেষণ)।

১)প্রত্যেকটি বিশেষ্য পদের একটি করে উদাহরণ লেখ।

ক)ব্যক্তিব্যাক্য-

নিবেদিতা।

খ)বস্তুব্যাক্য-লোহা।

গ)স্থানব্যাক্য-

দার্জিলিং।

ঘ)জাতিব্যাক্য-মানবজাতি অর্থাৎ মানুষ।

ঙ)সমষ্টিবাচক-ছাত্র-ছাত্রীগণ।

চ)গুণ/অবস্থাবাচক-আনন্দ।

ছ)ক্রিয়াবাচক-ভ্রমণ।

(এই উত্তরের জন্য তোমরা নিজেদের ইচ্ছামত সম্পূর্ণ বাক্যে যেকোনো উদাহরণ লিখতে পারো।)

২)বিশেষণের প্রত্যেকটি ভাগের একটি করে উদাহরণ লেখ।

১)বিশেষ্যের বিশেষণ:

পরিশ্রমী মানুষ সবসময় সাফল্য লাভ করে।

মানুষ একটি বিশেষ্য পদ। এই পদের বিশেষণ হল পরিশ্রম।

এইজন্য একে বলা হবে বিশেষ্যের বিশেষণ।

২)বিশেষণের বিশেষণ:

খুব দরিদ্র মানুষ শীতে কষ্ট পায়।

ওপরের বাক্যে মানুষ পদকে বিশেষিত করেছে দরিদ্র

পদ।এখানে দরিদ্র পদটি বিশেষণ। এবার যদি প্রশ্ন করা

যায় মানুষটি কিরূপ দরিদ্র উত্তর হবে খুব। অর্থাৎ খুব

বিশেষণ দরিদ্রকে বিশেষিত করেছে বলে খুব কে বলা হবে

বিশেষণের বিশেষণ।

(এই উত্তরের জন্য তোমরা নিজেদের ইচ্ছামত সম্পূর্ণ বাক্যে যেকোনো উদাহরণ লিখতে পারো।)

৩)নীচের বাক্য গুলির মধ্যে কোনটা কি ধরনের বিশেষ্য পদ এবং কোনটি কি ধরনের বিশেষণ পদ লেখ।

ক) বালকেরা ফুটবল খেলে।

উঃ) ক্রিয়াবাচক বিশেষ্য পদ।

খ) সদস্যরা নানা বিষয়ে আলোচনা করছে।

উঃ) জাতিবাচক বিশেষ্য পদ।

গ) অপু বিদ্যালয়ে যায়।

উঃ) স্থান বাচক বিশেষ্য পদ।

ঘ) সুকুমার রায় বিখ্যাত কবি।

উঃ) ব্যক্তিবাচক বিশেষ্য পদ।

ঙ) দক্ষ সাঁতারু তিনটি নদী সাঁতরে পার হলো।

উঃ) বিশেষ্যের বিশেষণ পদ।

চ) বিদ্যালয়ে নতুন শ্রেণীতে ওঠায় খুব আনন্দ হচ্ছে।

উঃ) বিশেষণের বিশেষণ পদ।
